# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৭৫

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা মু'মিনূন

## بَابٌ: وَمِنْ سُورَةِ الْمُؤْمِنُونَ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، حَدَّثَنَا مَالِكُ بْنُ مِغْوَلٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَعِيدِ بْنِ وَهْبٍ الْهَمْدَانِيِّ، أَنَّ عَائِشَةَ، زَوْجَ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَتْ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ هَذِهِ الآيَةِ : ( والَّذِينَ يُؤْتُونَ مَا آتَوْا وَقُلُوبُهُمْ وَجِلَةٌ ) قَالَتْ عَائِشَةُ أَهُمُ الَّذِينَ يَشْرَبُونَ الْخَمْرَ وَيَسْرِقُونَ قَالَ " لاَ يَا بِنْتَ الصِّدِّيقِ وَلَكِنَّهُمُ الَّذِينَ يَصُومُونَ وَيُصَلُّونَ وَيَتَصَدَّقُونَ وَهُمْ يَخَافُونَ أَنْ لاَ يُقْبَلَ مِنْهُمْ أُولَئِكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْخَيْرَاتِ وَهُمْ لَهَا سَابِقُونَ " . قَالَ وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَعِيدٍ عَنْ أَبِي حَازِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ هَذَا .

বাংলা

৩১৭৫. ইবন আবূ উমর (রহঃ) ...... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সহধর্মিণী আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত। তিনি বলেন, এ আয়াতটি সম্পর্কে আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করলাম। (والَّذِينَ يُؤْتُونَ مَا آتَوْا وَقُلُوبُهُمْ وَجِلَةٌ) ”আর যারা দান করে এবং তাদের অন্তর ভীত কম্পিত।” আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, এরা কি তারা যারা মদ পান করে এবং চুরি করে?

তিনি বললেনঃ না, হে সিদ্দীক তনয়া, বরং এরা হল ঐ সব লোক যারা সিয়াম পালন করে, সালাত (নামায) আদায় করে, সাদাকা দেয়। অথচ তাদের পক্ষ থেকে এ সব কবূল না হওয়ার আশংকা করে। এরাই তারা যারা কল্যাণের দিকে দ্রুত ধাবমান এবং তার দিকে অগ্রগামী।

সহীহ, ইবনু মাজাহ ৪১৯৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৭৫ [আল মাদানী প্রকাশনী]

আবদুর রহমান ইবন সাঈদ-আবূ হাযিম-আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ হাদীসটি অনুরূপ বর্ণিত আছে।

## English

Narrated 'Abdur-Rahman bin [Sa'eed bin] Wahb - that is Al-Hamdani: that 'Aishah the wife of the Prophet (ﷺ) said: "I asked about the Messenger of Allah (ﷺ) about this Ayah: And those who give that which they give with their hearts full of fear... (23:60)" 'Aishah said: "Are they those who drink Khamr and steal?" He said: "No, O daughter of As-Siddiq. They are those who fast, perform Salat, give charity while they fear that their Lord will not accept it from them: It is these who hasten to do good deeds, and they are the foremost of them (23:61)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38527

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন